**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মহাপরিচালকের কার্যালয়**
**মার্কেটিং ও কর্পোরেট প্ল্যানিং বিভাগ**
**বাংলাদেশ রেলওয়ে**
**রেলভবন, ঢাকা।**

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের 'নৈতিকতা কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে।
তারিখ ও সময় : ২৩.০৩.২০২২ খ্রিঃ, বেলা ১২:৩০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ (কক্ষ নং-২১১), রেলভবন, ঢাকা।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সংযুক্ত।

২.০। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, এই সভা বাংলাদেশ রেলওয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর নৈতিকতা কমিটির ৩য় সভা। অত:পর এসপিএলও-১ কে সভার বিষয়বস্তু উপস্থাপনের আহ্বান জানান। কর্মপরিকল্পনা অনুযায়ী এসপিএলও-১ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

৩.০। ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়ন সংক্রান্ত বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে তুলে ধরা হলো:

| ক্র: | বিষয়/কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ইতোমধ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে মন্ত্রণালয় হতে ২ জন উপ-সচিব পর্যায়ের প্রশিক্ষকের মনোনয়ন পাওয়া গেছে। এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রমও প্রক্রিয়াধীন আছে। পবিত্র রমজান মাস বিবেচনায় মে অথবা জুন মাসে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মে অথবা জুন, ২০২২ এ প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | এডিজি (এমএন্ডসিপি) |
| ১.৫ | কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) কার্যক্রমের অধীন সকল দপ্তর কর্তৃক পরিপালনপূর্বক এডিজি/এমএন্ডসিপি-কে অবহিত করার বিষয়ে আলোচনা হয়। এ লক্ষ্যে এসপিএলও/১ পূর্বে প্রেরিত পত্রের তাগিদপত্র প্রেরণ করবেন। | স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির মাধ্যমে কর্মপরিবেশের উন্নয়নের লক্ষ্যে সকল দপ্তরকে এসপিএলও/১ তাগিদ পত্র প্রেরণ করবেন। | -এসপিএলও-১ |
| ১.৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব | NIS কর্ম-পরিকল্পনা অনুযায়ী ১৫-০৪-২০২২ তারিখের মধ্যে ৩য় কোয়ার্টারের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ এবং ৩০-০৪-২০২২ তারিখের মধ্যে ওয়েব সাইটে আপলোড নির্ধারিত রয়েছে। এ লক্ষ্যে ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট তথ্যাদি আগামী ৩১ মার্চ ২০২২ তারিখের মধ্যে সকল দপ্তর হতে এডিজি (এমএন্ডসিপি) দপ্তরে প্রেরণ করা প্রয়োজন। উক্ত প্রতিবেদন আগামী ১৫.০৪.২০২২ তারিখের | ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রাপ্তির লক্ষ্যে এসপিএলও/১ সংশ্লিষ্ট সকল দপ্তরে পত্র প্রেরণ করবেন। | -এসপিএলও-১ |

| ক্র: | বিষয়/কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | ওয়েবসাইটে আপলোডকরণ | মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। প্রতিবেদন যথাসময়ে প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট সকল দপ্তরকে আগামী ৩১ মার্চ, ২০২২ তারিখের মধ্যে ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি) এর দপ্তরে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |
| ২.৪ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্প সমাপ্ত হলে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের কার্যক্রম সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়। বাংলাদেশ রেলওয়ে কর্তৃক এ যাবৎ সম্পাদিত প্রকল্পসমূহের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরের কার্যক্রম অন্তর্ভূক্ত থাকায় এসংক্রান্ত দলিলাদি এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ সংক্রান্ত আলোচনা হয়। | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি)<br>এডিজি/এমএন্ডসিপি দপ্তরে প্রেরণ করতে হবে। | সমাপ্ত প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকগণ। |

৫.০। পরিশেষে সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল-এ সন্নিবেশিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে স্বপ্রণোদিতভাবে কাজ করার অনুরোধ জানান। তিনি প্রত্যেকটি কার্যক্রমের পূর্ণ মান অর্জনের লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.৩.২২

(এ কে এম আব্দুল্লাহ আল বাকী, পিইঞ্জ)
অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি)
এবং
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
বাংলাদেশ রেলওয়ে।